সমকাল

তারিখ: 13 SEP 2015
পৃষ্ঠা: ১৮ কলাম: ৪

## সেমিনারে বক্তারা

# শিক্ষা ব্যবস্থায় বাংলার গুরুত্ব কম

■ সমকাল প্রতিবেদক

'এবারের উচ্চ মাধ্যমিকে বাংলা বিষয়ে গড় পাসের হার ৯০ শতাংশেরও বেশি। তাই সার্বিক ফল বিপর্যয়ের জন্য বাংলা কোনোভাবেই দায়ী নয়। তবে দেশের শিক্ষা ব্যবস্থায় ও সামাজিকভাবে বাংলা বিষয়ে কম গুরুত্ব দেওয়া হয়। এজন্য বাংলায় কাঙ্ক্ষিত সংখ্যক শিক্ষার্থী জিপিএ' ৫ পায় না। তা ছাড়া সৃজনশীল পদ্ধতিতে পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক সংকটও সার্বিক ফল বিপর্যয়ের জন্য দায়ী।'

'উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা বিষয়ের ফল : একটি পর্যালোচনা' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবং বাংলা ভাষা শিক্ষক পর্ষদের যৌথ উদ্যোগে গতকাল শনিবার এনসিটিবি ভবনে এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান। বাংলা ভাষা শিক্ষক পর্ষদের সভাপতি অধ্যাপক আয়েশা বেগমের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক বিশ্বজিৎ ঘোষ, শিক্ষা বার্তার সম্পাদক এ এন রাশেদা, এনসিটিবি সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম) সরকার আবদুল মান্নান, মশিউজ্জামান (শিক্ষাক্রম)। অনুষ্ঠান সঞ্চালনা করেন এনসিটিবি সদস্য (পাঠ্যপুস্তক) অধ্যাপক রতন সিদ্দিকী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. সুদীপ্ত হান্নান।

অধ্যাপক আনিসুজ্জামান বলেন, পরিসংখ্যান বলছে, এবারের উচ্চ মাধ্যমিকে বাংলায় ফল বিপর্যয় হয়নি। শতকরা ৯০ ভাগের বেশি পাসের হার বরং ভালো ফলের পরিচায়ক। তবে শিক্ষা ব্যবস্থায় বাংলার প্রতি মনোযোগ কতটা আছে, তা প্রশ্নের দাবি রাখে। তিনি বলেন, সৃজনশীলের সংকট দূর করতে শিক্ষকদের আরও বেশি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। বাংলা ভাষা ও সাহিত্যে কতটা জোর দেওয়া হবে তা নির্ণয় করা জরুরি।

মুক্ত আলোচনায় বক্তারা বলেন, বাংলা পড়ে ক্যারিয়ারে কোনো কাজে আসবে না– এমন একটি ধারণা অভিভাবকদের মধ্যে প্রতিষ্ঠিত। এজন্য তারা সন্তানদের বাংলা পড়ানোর প্রতি জোর দেন না। বাংলা অনেকটা সহজ বিষয়– এমন ধারণা থেকে শিক্ষার্থীরাও পরীক্ষার আগে বাংলা পড়ার প্রতি আগ্রহী হয় না। তারা বলেন, বাংলা পরীক্ষায় তুলনামূলক কম সময় থাকা, বাংলা দ্বিতীয় পত্রের জন্য এনসিটিবির কোনো পাঠ্যপুস্তক না থাকা, উচ্চশিক্ষায় ভর্তিতে বাংলার কম গুরুত্ব, সৃজনশীলে প্রশিক্ষিত শিক্ষক ও জনবলের অভাব প্রভৃতি কারণে শিক্ষার্থীরা বাংলায় খুব ভালো ফল করতে পারে না।